প্রশ্নঃ ২৮৮. ১. একাকী নামাজের ক্ষেত্রে সুরা উচ্চারণের সময় ঠোঁট নাড়ানোর বিধান কি.? ২. মোবাইলে সেজদার আয়াত শুনলে আদায় করা কি ওয়াজিব? অথবা আমি কুরআন তেলাওয়াতের সময় সেজদার আয়াত তেলাওয়াত করলে অন্য কেউ শুনলে তা আদায় না করলে আমার গুনাহ হবে কিনা?

১. যে সকল নামাজে আস্তে কেরাত পাঠ করা হয় সেসকল নামাজ আদায়কালে এতটুকু উচ্চস্বরে তেলাওয়াত করবে যাতে নিজে শুনতে পারে।আর যেসকল নামাজে উচ্চস্বরে কেরাত পাঠ করা হয় সেসকল নামাজে অন্যকে শুনিয়ে কিংবা শুধুমাত্র নিজে শুনতে পারে এতটুকু আওয়াজে পড়তে হবে।

২. মোবাইলে ,টিভিতে বা রেডিওতে সরাসরি সম্প্রচারিত তেলাওয়াতে সেজদার আয়াত শুনলে সেজদা দিতে হবে।আর রেকর্ডেড তেলাওয়াত শুনলে সেজদা দেওয়া আবশ্যক নয়।
অন্য কারো সামনে তেলাওয়াত করার সময় খেয়াল রাখতে হবে সে সেজদা দিতে প্রস্তুত কিনা ?প্রস্তুত হলে উচ্চস্বরে তেলাওয়াত করা যেতে পারে।তবে অপ্রস্তুত থাকলে উচ্চস্বরে তেলাওয়াত করা উচিত হবে না।তবে সে সেজদা না দিলে তেলাওয়াতকারির কোনো গুনাহ হবে না।
(বাদায়িউস সানায়ি : ১/৩৯৬; ফাতাওয়ায়ে শামী: ২/৭০২, ফাতাওয়ায়ে হিন্দিয়া : ১/১৯২; আপকে মাসায়েল আওর উনকা হল: ৪/২৩৯)

والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: